

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(জেএম শাখা)
www.chittagong.gov.bd

বিজ্ঞপ্তি

আগামী ২১ মে ২০২৪খ্রি. তারিখ অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪ উপলক্ষে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি, হাটহাজারী ও রাঙ্গুনিয়া উপজেলার নির্বাচনী এলাকায় ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২০ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০টা হতে ২১ মে ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নিয়োক্ত প্রকারের যানবাহন চলাচল ও নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

'যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা'

১. ট্রাক	২. ট্যাক্সিক্যাব	৩. মাইক্রোবাস	৪. পিকআপ
----------	------------------	---------------	----------

সেই সাথে ১৯ মে ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ২৩ মে তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটরসাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দী প্রার্থী/জীদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয় পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয় পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনে বৈধ পরিদর্শক এবং জরুরি কাজে নিয়োজিত যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমের নিমিত্ত উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। জাতীয় মহাসড়ক (Highway), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে নিষেধাজ্ঞা শিথিল থাকবে।



আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান
জেলা ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩৬৭০০২, ০২৩৩৩৩৬৯৯৯৬
ফ্যাক্সঃ ০৩১-৬৩৫২৭২, ৬২০৫৭০
dcchittagong@mopa.gov.bd

তারিখ : ১২/০৫/২০২৪খ্রি.

স্মারক নম্বর: ০৫.৪২.১৫০০.৫০২.২৯.০০৭.২৪- ৫৪৯

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪. পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।
৫. পুলিশ সুপার, চট্টগ্রাম।
৬. অধিনায়ক, র‍্যাব-৭, চট্টগ্রাম।
৭. জোনাল কমান্ডার, পূর্ব জোন, বাংলাদেশ কোস্ট গার্ড, মংসা বন্দর, চট্টগ্রাম।
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
১০. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার, ফটিকছড়ি, হাটহাজারী, রাউজান ও রাঙ্গুনিয়া উপজেলা পরিষদ-২০২৪।
১১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি/হাটহাজারী/রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১২. উপপরিচালক, বিআরটিএ, চট্টগ্রাম।
১৩. উপপরিচালক, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম (তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৪. সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম।




জেলা ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম

বিজ্ঞপ্তি

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪ এর ঘোষিত তফসীল অনুযায়ী আগামী ২১ মে ২০২৪ তারিখ চট্টগ্রাম জেলার ফটিকছড়ি, হাটহাজারী ও রাঙ্গুনিয়া উপজেলায় ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে The Arms Act, 1878 (act xi of 1878) এর ১০ ধারামতে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় (ফটিকছড়ি, হাটহাজারী এবং রাঙ্গুনিয়া উপজেলায়) আগামী ১৪ মে ২০২৪ তারিখ হতে ২৮ মে ২০২৪ তারিখ পর্যন্ত (ভোট গ্রহণের পূর্বে ০৭দিন, ভোট গ্রহণের দিন এবং ভোট গ্রহণের পরের ০৭ দিন) অস্ত্রের লাইসেন্সধারীগণের অস্ত্রসহ চলাচল, অস্ত্রবহন ও প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হলো। বিজ্ঞপ্তি আইন প্রয়োগকারী সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

০২। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান

জেলা ম্যাজিস্ট্রেট

চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৬৭০০২, ০২৩৩৩৩৬৯৯৯৬

ফ্যাক্স ০৩১-৬৩৫২৭২, ৬২০৫৭০

dcchittagong@mopa.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৪. পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।
৫. পুলিশ সুপার, চট্টগ্রাম।
৬. অধিনায়ক, র্যাব-৭, চট্টগ্রাম।
৭. উপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৮. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার, ফটিকছড়ি, হাটহাজারী, রাউজান ও রাঙ্গুনিয়া উপজেলা পরিষদ-২০২৪।
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি/হাটহাজারী/রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১১. উপপরিচালক, বিআরটিএ, চট্টগ্রাম।
১২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম (তাকে বিজ্ঞপ্তি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। তাকে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪. মিডিয়া লিয়াজো অফিসার, চট্টগ্রাম (তাকে বিজ্ঞপ্তি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম।



জেলা ম্যাজিস্ট্রেট

চট্টগ্রাম